গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
www.banbeis.gov.bd

স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.১৪০.২০১৮/২৭৯২

তারিখ: ২৬ চৈত্র ১৪২৪ / ০৯ এপ্রিল ২০১৮

বিষয়: **UITRCE সংলগ্ন স্থান ও উপজেলা পরিষদ কম্পাউন্ড-এ বিপন্ন উদ্ভিদের গার্ডেন গড়ে তোলা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জীববৈচিত্র্যে সমৃদ্ধ বাংলাদেশে রয়েছে প্রায় ছয় হাজার প্রজাতির গাছ-গাছালি এবং সমসংখ্যক প্রজাতির প্রাণিবৈচিত্র্য। নানা কারণে অনেক প্রজাতির উদ্ভিদ ও প্রাণি বিলুপ্ত হয়ে যাচ্ছে। এ বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ না করলে বিপন্ন প্রজাতির উদ্ভিদ চিরকালের মত হারিয়ে যাবে এবং হারিয়ে যাবে ঐ সকল উদ্ভিদের ওপর নির্ভরশীল প্রাণিবৈচিত্র্যও। তাই প্রাকৃতিক ভারসাম্য রক্ষার স্বার্থে বিপন্ন প্রজাতির উদ্ভিদ সংরক্ষণ করা অতি জরুরি। এতে একদিকে বিপন্ন প্রজাতির উদ্ভিদগুলো যেমন রক্ষা পাবে অপর দিকে আমাদের পরিবেশও সুরক্ষিত থাকবে।

২. বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বিপন্ন উদ্ভিদ ও প্রাণি সংরক্ষণ ফাউন্ডেশনের (ইপ্যাক ফাউন্ডেশন) সহযোগিতা নিয়ে দেশের বিভিন্ন প্রজাতির বিপন্ন উদ্ভিদের সমন্বয়ে **"ইউআইটিআরসিই"** সংলগ্ন স্থান ও সম্ভব হলে উপজেলা পরিষদ কম্পাউন্ড-এ বিপন্ন উদ্ভিদ গার্ডেন গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। এতদসংগে উল্লিখিত উদ্ভিদের স্থানীয় ও বৈজ্ঞানিক নাম, বিস্তৃতি, বৈশিষ্ট্য ও সম্ভাব্য রোপণের স্থান উল্লেখসহ তালিকা প্রেরণ করা হলো। উপজেলা নির্বাহী অফিসার এর সঙ্গে আলোচনা করে তালিকায় উল্লিখিত কি ধরণের কয়টি বৃক্ষ রোপণ করা যায় তার একটি তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বৃক্ষ নির্বাচনে কম্পাউন্ডে বিদ্যমান বৃক্ষ বিবেচনায় রেখে নতুন বৃক্ষ নির্বাচন করা যেতে পারে। প্রয়োজনে এ বিষয়ে জনাব আখতারুজ্জামান চৌধুরী, সহকারী অধ্যাপক, সরকারি বাঙলা কলেজ, ঢাকা (ফোন-০১৭১১১৬০১২৯) এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে ।

৩। এমতাবস্থায়, UITRCE সংলগ্ন স্থান ও সম্ভব হলে উপজেলা পরিষদ কম্পাউন্ডে রোপণযোগ্য বৃক্ষের তালিকা নির্বাচন করে ব্যানবেইস-এ প্রেরণ এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে তালিকা ৩ পাতা

০৯/০৪/১৮

(মোঃ ফসিউল্লাহ)
পরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় উপকমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য)
বাংলাদেশ স্কাউটস্।
ফোন-৯৬৬৫৪৫৭

সহকারী প্রোগ্রামার ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার (১২৫ উপজেলা)

---------------------------- ---------------------------

সদয় অবগতি ও কার্যার্থে:

১। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)
২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
৩। জনাব আখতারুজ্জামান চৌধুরী, পিএইচ.ডি ফেলো, সহকারী অধ্যাপক, সরকারি বাঙলা কলেজ, ঢাকা এবং প্রোগাম কো-অর্ডিনেটর ও সেক্রেটারি জেনারেল, ইপ্যাক ফাউন্ডেশন, ফোন-০১৭১১১৬০১২৯, ইমেইল- akhtarcy@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
www.banbeis.gov.bd

১০০ প্রজাতির বিপন্ন উদ্ভিদের তালিকা:

- শোভাবর্ধন, ছোট ও ফুলের গাছ: দক্ষিণ প্রান্ত
- অতি বৃহৎ বৃক্ষ: উত্তর প্রান্ত
- বৃহৎ বৃক্ষ: উত্তর-পশ্চিম
- মাঝারি গাছ: পূর্ব প্রান্ত

ক্রমিক	স্থানীয় নাম	বৈজ্ঞানিক নাম	বিস্তৃতি	বৈশিষ্টি	রোপণের স্থান
১	অঞ্জন	*Memecylon edule*	Ramna park, Dhaka	Flowery, Ornamental	দক্ষিণ প্রান্ত
২	আকাশনিম	*Millingtonia hortensis*	Dhaka University	Flowery	উত্তর প্রান্ত
৩	আতমোড়া	*Helicteres isora*	Gajipur, Shalbon	Medicinal	দক্ষিণ প্রান্ত
৪	আমচন্দুল	*Swintonia floribunda*	Khagrachari	Timber	উত্তর প্রান্ত
৫	আমজাম	*Lepisanthes senegalensis*	Jessore	Fruity	যে কোন স্থানে
৬	আমুর	*Aglaia cucullata*	Khulna	Timber	উত্তর প্রান্ত
৭	উজাল	*Sterculia colorata*	Sylhet	Fibred	যে কোন স্থানে
৮	উদাল	*Sterculia villosa*	Moulovibazar	Fibred	যে কোন স্থানে
৯	উরিআম	*Mangifera sylvatica*	Noakhali	Timber	উত্তর-পশ্চিম প্রান্ত
১০	উরিগাব	*Diospyros ramiflora*	Rangamati	Fruity	উত্তর-পশ্চিম প্রান্ত
১১	উলু চুকমা	*Lithocarpus lappacea*	Sylhet	Soft timber	যে কোন স্থানে
১২	কইনার	*Gardenia coronaria*	Sylhet	Flowery	দক্ষিণ প্রান্ত
১৩	কনকচাঁপা	*Ochna squarrosa*	Banderban	Flowery	যে কোন স্থানে
১৪	কর্পূর	*Cinnamomum camphora*	Botanic Garden, Mirpur	Medicinal	দক্ষিণ প্রান্ত
১৫	কাউফল	*Garcinia cowa*	Jhalokati	Fruity, Evergreen	দক্ষিণ প্রান্ত
১৬	কাউয়াঠুটি	*Fernandoa adenophylla*	Sylhet	Timber	উত্তর প্রান্ত
১৭	কাজুবাদাম	*Anacardium occidentale*	Ramna park, Dhaka	Fruity,	দক্ষিণ প্রান্ত
১৮	কাঞ্জল	*Bischofia javanica*	Sylhet	Timber	উত্তর-পশ্চিম কোন
১৯	কানাইডিঙ্গা	*Oroxylum indicum*	Panchagar	Fiowery	যে কোন স্থানে
২০	কামদেব	*Calophyllum polyanthum*	Chitagong	Evergreen	যে কোন স্থানে
২১	কুচিলা	*Strychnos nux-vomica*	Tangail, Dhaka	Medicinal	দক্ষিণ প্রান্ত
২২	কুম্ভি	*Careya arborea*	Mymonsingh	Associate, Medicinal	দক্ষিণ প্রান্ত
২৩	কুমিয়ারি	*Metadina trichotoma*	Baldha Garden	Timber	উত্তর প্রান্ত
২৪	কুসুম	*Schleichera oleosa*	Sherpur	Fruity	দক্ষিণ প্রান্ত
২৫	খয়ের	*Acacia catechu*	Rajshahi	Source of	জমির আইল
২৬	খিরনি	*Malinkara hexandra*	Sacred place	Sacred plant	ধর্মীয় স্থানসমূহে
২৭	গান্ধিগজারি	*Miliusa velutina*	Gajipur	Timber	উত্তর প্রান্ত
২৮	গনিয়ারি	*Premna bengalensis*	Chittagong	Vegetables	পূর্ব প্রান্ত